



আইআইইউসির ইটিই বিভাগের শিক্ষার্থীদের ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং

আইআইইউসির ইটিই বিভাগের শিক্ষার্থীদের ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর ইলেকট্রনিক ও টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইটিই) বিভাগের সদ্য স্নাতক সম্পন্নকারী গ্রাজুয়েটরা বরাবরের মত বিশ্ববিদ্যালয় ও ইটিই ডিপার্টমেন্ট এর ব্যবস্থাপনায় বাংলাদেশের জাতীয় ও সর্ববৃহৎ টেলিযোগাযোগ কম্পানি বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানি লিমিটেড (বিটিসিএল) ও শীর্ষস্থানীয় বেসরকারি টেলিযোগাযোগ সংস্থা গ্রামীনফোন লিমিটেড-এ তাদের ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং সম্পন্ন করেছেন। দুই সপ্তাহব্যাপী এই প্রশিক্ষণ কর্মশালায় ২০তম এবং ২১তম ব্যাচের প্রায় ৮৫ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেন।

শিক্ষার্থীরা বিটিসিএল এর অধীনে সিজিএম, বিটিসিএল ও সিটিআর এর চট্টগ্রামের অধীনস্থ স্থাপনাসমূহে উপস্থিত থেকে প্রশিক্ষণপ্রাপ্ত হন এবং গ্রামীনফোন লিমিটেডের এর ব্যবস্থাপনায় চট্টগ্রাম হেড-অফিসে সরাসরি উপস্থিত থেকে ও অনলাইনের মাধ্যমে কমিউনিকেশন বেইসড স্টাডিও সম্পন্ন করেন। এ কর্মশালায় গ্রাজুয়েটরা ইন্ডাস্ট্রিয়াল স্কেলে টেলিযোগাযোগ নেটওয়ার্ক ডিজাইন, বাস্তবায়ন এবং পরিচালনা সম্পর্কে জানতে পারেন এবং বিভিন্ন ধরনের টেলিযোগাযোগ যন্ত্রপাতি সম্পর্কেও হাতে-কলমে প্রশিক্ষণ লাভ করেন।

প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীসহ সংশ্লিষ্ট সকলে মনে করেন, এ ধরনের কর্মশালা প্রথাগত শিক্ষার সাথে শিল্পক্ষেত্রের যথাযথ সমন্বয় সাধনের মাধ্যমে স্মার্ট বাংলাদেশ গঠনে উল্লেখযোগ্য ভূমিকা রাখবে। শিক্ষার্থীরা সকলের প্রতি কৃতাভিলাষ জ্ঞাপন করেন। ইটিই ডিপার্টমেন্ট এর পক্ষ থেকে শিক্ষার্থীদের কল্যাণে ভবিষ্যতেও এমন কার্যকরী পদক্ষেপ চলমান থাকবে বলে কর্তৃপক্ষ নিশ্চিত করেন।

